৬৭

তারিখ 04 JUL 1996
পৃষ্ঠা ২ কলাম ৪

আজকের কাগজ

# ঢাবির 'খ' ইউনিটের পরীক্ষার ফল প্রকাশ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ঃ গত [illegible]ল সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয় ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ সম্মান শ্রেণীর 'খ' ইউনিটের (কলা অনুষদ) ফলাফল প্রকাশিত হয়েছে। গত ১৭ মে এই পরীক্ষায় ১১,২০০ জন পরীক্ষার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করে। অংশগ্রহণকারিদের মধ্যে ৩,১৭০ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। ঢাবি কলা অনুষদের আসন সংখ্যা প্রায় ১,৬০০। এই সংখ্যক আসনের ভর্তির জন্যে ১,৬৫০ জনের সাক্ষাতকার গ্রহণ করা হবে।

এ ব্যাপারে কলা অনুষদের ডীন অধ্যাপক আমিনুল ইসলামের সঙ্গে যোগাযোগ করে জানা যায়, নিম্নলিখিত তারিখ ও সময় অনুযায়ী মেধাক্রম অনুসারে সাক্ষাতকার গ্রহণ করা হবে। ১০ জুলাই বুধবার ০১ থেকে ১৬৫ পর্যন্ত মেধাক্রম সকাল নয়টা থেকে এ দুপুর একটা এবং ১৬৬ থেকে ৩৩০ পর্যন্ত মেধাক্রম বিকেল তিনটা থেকে সন্ধ্যে ৭টা পর্যন্ত; ১১ জুলাই ৩৩১ থেকে ৪১৫ সকাল নয়টা থেকে দুপুর একটা এবং ৪৯৬ থেকে ৬৬০ বিকেল তিনটা থেকে সন্ধ্যে সাতটা; ১২ জুলাই ৬৬১-৮০০ সকাল নয়টা থেকে দুপুর একটা এবং ৮০[illegible]-৯৯০ বিকেল তিনটা থেকে সন্ধ্যে সাতটা; ১৩ জুলাই ৯৯১-১১৫৫ সকাল নয়টা থেকে দুপুর একটা এবং ১১৫৬-১৩২০ বিকেল তিনটা থেকে সন্ধ্যে সাতটা; ১৪ জুলাই ১৩২১-১৪৮৫ সকাল নয়টা থেকে দুপুর একটা এবং ১৪৮৬-১৬৫০ বিকেল তিনটা থেকে সন্ধ্যে ৭টা পর্যন্ত ঢা.বি কলা অনুষদের ডীন অফিসে সাক্ষাতকার গ্রহণ করা হবে। সাক্ষাতকারের সময় ছাত্র-ছাত্রিদের অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এসএসসি এবং এইচএসসি পরীক্ষার মূল নম্বরপত্র এবং দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ফটো সঙ্গে আনতে [illegible]। এ সময় ডীনের সঙ্গে [illegible]পকালে আরো জানা যায়, [illegible]ফল অনুযায়ী প্রথম দশজন ছাত্র-[illegible]দের নাম ও রোল নম্বর নিম্নরূপ।

১ম, নাদিয়া রওশন (৯৫); ২য়, মোঃ আল আমিন (৫৯১৮); ৩য় মোঃ দেলোয়ার হোসেন (৩২২৩); ৪র্থ বিধান ভদ্র (৬৯২০); ৫ম, ফারহানা আহমেদ চৌধুরী (২৩৬৮); ৬ষ্ঠ, তাসমিয়া নুজহাত (৪৪১৫); ৭ম সেহেলী সাবরীন (৪২৭৪); ৮ম শারমিন সুলতানা (৬১২১); ৯ম মোঃ জাহিদুর রহমান (৬২০৩); এবং ১০ম ফারহানা আহমেদ (১০৩৯)।